গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৬.০০২.১৯.২৭২

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৩ জুন ২০২৬

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : দেশের বিভিন্ন আদালত/ট্রাইব্যুনালের জন্য আউটসোর্সিংয়ের মাধ্যমে ৯৭ (সাতানব্বই)টি পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) এবং ৯৭ (সাতানব্বই)টি নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) সেবা ক্রয়।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে দেশের বিভিন্ন আদালত/ট্রাইব্যুনালের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫-এর ৫(ক)(২) অনুচ্ছেদ অনুযায়ী ৯৭ (সাতানব্বই)টি পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) এবং ৯৭ (সাতানব্বই)টি নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) সেবা ক্রয়ে বর্ণিত শর্তে সরকারের মঞ্জুরি জ্ঞাপন করা হলো :

| ক্রমিক | আদালত/ট্রাইব্যুনাল | সেবার নাম | সম্মতিকৃত সংখ্যা | সেবার ক্যাটাগরী |
|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
| ০১. | জেলা জজ আদালত (বৃহৎ আয়তনের ১৩টি জেলা) | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ১৩ X ২ = ২৬ | ৫ |
| | | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ১৩ X ২ = ২৬ | |
| ০২. | জেলা জজ আদালত (মধ্যম আয়তনের ৪৪টি জেলা) | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ৪৪ X ১ = ৪৪ | ৫ |
| | | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ৪৪ X ১ = ৪৪ | |
| ০৩. | জেলা জজ আদালত (ক্ষুদ্র আয়তনের ০৭টি জেলা) | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ৭ X ১ = ৭ | ৫ |
| | | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ৭ X ১ = ৭ | |
| ০৪. | মহানগর দায়রা জজ আদালত-০১টি | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ১ X ১ = ১ | ৫ |
| | | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ১ X ১ = ১ | |
| ০৫. | প্রশাসনিক ট্রাইব্যুনাল-০৩টি | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ৩ X ১ = ৩ | ৫ |
| | | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ৩ X ১ = ৩ | |
| ০৬. | প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল-০১টি | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ১ X ১ = ১ | ৫ |
| | | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ১ X ১ = ১ | |
| ০৭. | বিভাগীয় বিশেষ জজ আদালত-০৫টি | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ৫ X ১ = ৫ | ৫ |
| | | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ৫ X ১ = ৫ | |
| ০৮. | চোরাচালান রোধ সম্পর্কিত ট্রাইব্যুনাল-১০টি | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ১০ X ১ = ১০ | ৫ |
| | | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ১০ X ১ = ১০ | |

শর্তাবলি :

(ক) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর তপশিল-'ঘ' অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;

(খ) সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% হবে;

(গ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;

চলমান/০২

(ঘ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;

(ঙ) আউটসোর্সিং প্রক্রিয়ায় পরিচ্ছন্নতা কর্মী সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে;

(চ) আউটসোর্সিং এর জন্য সম্মতি প্রদানকৃত সেবাসমূহের মধ্যে রাজস্বখাতভুক্ত পদ থাকলে তা বিলুপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ছ) অর্থ বিভাগের পূর্বানুমতি ব্যতীত সেবা ক্রয়ের মেয়াদ বৃদ্ধি করা যাবে না;

(জ) এ সেবা ক্রয়ের মেয়াদ ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে;

(ঝ) নিয়োগকৃত সকল কর্মীকে আবশ্যিকভাবে সর্বজনীন পেনশন স্কিমে অন্তর্ভুক্ত করতে হবে;

(ঞ) সম্পদের সর্বোচ্চ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের ও স্বল্পতম সময়ে মানসম্মত সেবা ক্রয়ের লক্ষ্যে যে সব সেবা আউটসোর্সিং প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা হয়েছে সে সব সেবার বিপরীতে ইতোপূর্বে সৃজিত রাজস্বখাতের শূন্য হওয়া পদসমূহ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫-এর তফসিল-ক এর অন্তর্ভুক্ত আউটসোর্সিং সেবা পরিবীক্ষণ কমিটির কার্য পরিধির (ঘ) অনুসারে সেবা গ্রহণ প্রক্রিয়া শুরু করার পূর্বে বিদ্যমান শূন্যপদ বিলুপ্তির প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং

(ট) **আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী নিরাপত্তা সেবা ক্রয়ের ক্ষেত্রে অঙ্গীভূত আনসার সদস্যের সেবা ক্রয় করতে হবে।**

০৩।০৬।২০২৬
(মুহাম্মদ আশেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৭৪১৬
Email : section4@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৬.০০২.১৯.২৭২/(১-৮৮)

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৩ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা ও দায়রা জজ, ঢাকা/নারায়নগঞ্জ/ গাজীপুর/ নরসিংদী/ মানিকগঞ্জ/ মুন্সিগঞ্জ/ ময়মনসিংহ/ কিশোরগঞ্জ/ টাঙ্গাইল/ নেত্রকোনা/ জামালপুর/ শেরপুর/ ফরিদপুর/ মাদারীপুর/ রাজবাড়ী/ গোপালগঞ্জ/ শরীয়তপুর/ চট্টগ্রাম/ কুমিল্লা/ নোয়াখালী/ কক্সবাজার/ ব্রাহ্মণবাড়িয়া/ ফেনী/ লক্ষ্মীপুর/ চাঁদপুর/ খাগড়াছড়ি/ রাঙ্গামাটি/ বান্দরবান/ রাজশাহী/সিরাজগঞ্জ/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/বগুড়া/পাবনা/জয়পুরহাট/খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/যশোর/ নড়াইল/কুষ্টিয়া/মাগুরা/ঝিনাইদহ/ মেহেরপুর/ চুয়াডাঙ্গা/ সিলেট/ মৌলভীবাজার/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ/ বরিশাল/ পটুয়াখালী/পিরোজপুর/ভোলা/ঝালকাঠি/বরগুনা/রংপুর/দিনাজপুর/নীলফামারী/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/ পঞ্চগড়/ঠাকুরগাঁও।
৪. মহানগর দায়রা জজ, চট্টগ্রাম।
৫. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকা-১/চট্টগ্রাম/খুলনা।
৬. সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
৭. বিচারক (জেলা জজ), বিভাগীয় স্পেশাল জজ আদালত, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল।
৮. বিচারক (জেলা জজ),চোরাচালান রোধ সম্পর্কিত ট্রাইব্যুনাল, ঢাকায়-২টি/চট্টগ্রামে-২টি/যশোর/রংপুর/কুমিল্লা/ ব্রাহ্মণবাড়িয়া/রাজশাহী/সিলেট।
৯. সিনিয়র সহকারী সচিব, বাজেট, আইন ও বিচার বিভাগ।
১০. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩।০৬।২০২৬
(মুহাম্মদ আশেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব